পশ্চিমবঙ্গ সরকার
বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ অধিকার
অ্যাকশন এরিয়া – ৩, প্লটঃ বি-৭, নিউ টাউন, কলকাতা - ৭০০ ১৬০

বিজ্ঞপ্তি নং-306 -ভি.ই.টি/২০২২-২০২৩ তারিখঃ ১৯/১২/২০২২

পশ্চিমবঙ্গ সরকার থেকে আর্থিক অনুদান প্রাপ্ত এবং কারিগরী ও বৃত্তিমূলক শিক্ষা এবং দক্ষতা উন্নয়ন সংসদ দ্বারা অধিভুক্ত বৃত্তিমূলক শিক্ষা/প্রশিক্ষণ কেন্দ্রগুলির জ্ঞাতার্থেঃ

১> **বৃত্তিমূলক শিক্ষা/প্রশিক্ষণ কেন্দ্রের প্রধান এবং তাঁর দায়িত্বঃ**

বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ যে সমস্ত প্রতিষ্ঠানগুলিতে পরিচালিত হচ্ছে সেই সমস্ত প্রতিষ্ঠানের প্রধান মহাশয় / মহাশয়া তাঁর প্রতিষ্ঠানের বৃত্তিমূলক প্রশিক্ষণকেন্দ্রের প্রধান হিসেবেও কাজ করবেন। তাঁর নর্মাল এস্ট্যাব্লিশমেন্টের মতো করেই তিনি বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণের বিষয়গুলিও নিয়মিত ভিত্তিতে পর্যবেক্ষণ এবং তত্ত্বাবধান করবেন।

২> **বৃত্তিমূলক শিক্ষা/প্রশিক্ষণ কেন্দ্রের সময়সূচীঃ**

বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণের অন্তর্গত পঠন-পাঠন / শিক্ষা-প্রশিক্ষণ সকাল বা বিকেলে করা যাবে না। এই শিক্ষা-প্রশিক্ষণ প্রতিষ্ঠানের / বিদ্যালয়ের সাধারণ কাজের সময়ে সপ্তাহের সমস্ত কাজের দিনে অনুষ্ঠিত করতে হবে। বৃত্তিমূলক শিক্ষাকেন্দ্রের প্রধান মহাশয় / মহাশয়া এই ব্যাপারে যথোচিত ভূমিকা নেবেন।

৩> **কর্মদিবস এবং কর্মকালঃ**

অষ্টম শ্রেণী উত্তীর্ণ স্তরের এবং বৃত্তিমূলক উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষা-প্রশিক্ষণের সঙ্গে যুক্ত সকল কন্ট্র্যাক্টচুয়াল শিক্ষক এবং প্রশিক্ষক মহাশয় / মহাশয়াদের বিদ্যালয়ের / প্রতিষ্ঠানের জেনারেল সেকশনের (বিদ্যালয় শিক্ষা দপ্তর / অন্য দপ্তরের অধীনে) দ্বারা অনুসৃত সকল কর্মদিবসে **সাধারণ কর্মকালে** বৃত্তিমূলক শিক্ষাকেন্দ্রের শিক্ষা এবং প্রশিক্ষণের কাজ করতে হবে।

৪> **শিক্ষণ/প্রশিক্ষণ এবং অন্যান্য দায়িত্বঃ**

সকল শিক্ষক / প্রশিক্ষক মহাশয় / মহাশয়া সিলেবাস অনুসরণে প্রয়োজনীয় নর্মাল ক্লাস, স্পেশ্যাল ক্লাসে শিক্ষা / প্রশিক্ষণে যুক্ত থাকবেন। ঊর্ধ্বতন কর্তৃপক্ষ দ্বারা নির্ধারিত অন্য কাজও তাঁদের করতে হবে। তাঁরা মূল দপ্তর দ্বারা অনুসৃত নিয়ন্ত্রক নিয়মসমূহ মেনে চলবেন এবং পদের অনুক্রম অবশ্যই বজায় রাখবেন।

পরের পাতা (১)

বিপ্লব কুমার রায়
১৯/১২/২০২২

Director-in-Charge
Directorate of Vocational Education
& Training, Govt. of W.B.
Karigari Bhawan (2nd Floor)
B/7, Action Area-III, New Town, Kolkata- 700160

৫> **পারস্পরিক শ্রদ্ধা ও সম্মান প্রদর্শনঃ**

বৃত্তিমূলক শিক্ষক / প্রশিক্ষক মহাশয় / মহাশয়া শিক্ষা-প্রশিক্ষণ কেন্দ্রের প্রধান মহাশয় / মহাশয়াকে যথাযথ শ্রদ্ধা প্রদর্শন করবেন এবং প্রধান মহাশয় / মহাশয়াও বৃত্তিমূলকের শিক্ষক / প্রশিক্ষক মহাশয় / মহাশয়াদেরও যথোচিত সম্মান দেবেন।

৬> **বৃত্তিমূলক শিক্ষা-প্রশিক্ষণ কেন্দ্রে ভর্তির বিষয়ঃ**

ক) প্রধান মহাশয় / মহাশয়া তাঁর প্রতিষ্ঠানের বৃত্তিমূলক শিক্ষাকেন্দ্রের শিক্ষক / প্রশিক্ষক মহাশয় / মহাশয়াদের সঙ্গে নিয়ে সম্ভাব্য ছাত্র-ছাত্রীদের বৃত্তিমূলক শিক্ষায় ভর্তির লক্ষ্যে মোবিলাইজেসন এবং কাউন্সেলিং প্রোগ্রামে অগ্রণী ভূমিকা নেবেন এবং সযত্নে দেখা-শোনা করবেন। প্রত্যেক সেশনে যাতে শিক্ষা-প্রশিক্ষণ ঠিকমতো চালু থাকে সে ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হচ্ছে।

খ) ভর্তি হওয়ার পরে পশ্চিমবঙ্গ রাজ্য কারিগরী ও বৃত্তিমূলক শিক্ষা এবং দক্ষতা উন্নয়ন সংসদে ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশন যাতে ঠিকমতো হয় তার জন্য শিক্ষাকেন্দ্রের প্রধান শিক্ষক মহাশয় / মহাশয়া নিজে অথবা তার কোন প্রতিনিধি সংসদের সংশ্লিষ্ট দ্বায়িত্বপ্রাপ্ত আধিকারিকের সঙ্গে ভালমত যোগাযোগ রাখবেন।

৭> **একসঙ্গে দুইটি কাজ নয়ঃ**

ক) কন্ট্র্যাক্টচুয়াল শিক্ষক এবং প্রশিক্ষকবৃন্দ প্রশাসনিক কর্তৃপক্ষের দেওয়া কাজ ছাড়া অন্য কোন সরকারি / আধা সরকারি প্রতিষ্ঠান / দপ্তরে কোন রকম আরোপিত কাজ করতে পারবেন না। এই সমস্ত শিক্ষক/প্রশিক্ষকবৃন্দ এই ব্যাপারে সুনির্দিষ্ট ফরম্যাটে (২২/০৭/২০২১ তারিখের সরকারি আদেশনামা আই/১৪০৭৪৮/২০২১-এর সাথে সংযুক্ত) লিখিতভাবে তাঁর কেন্দ্রের প্রধান মহাশয় / মহাশয়াকে জমা দেবেন।

খ) ঠিক একই ভাবে অন্য কোন সরকারি / আধা সরকারি প্রতিষ্ঠান / দপ্তরের কোন কন্ট্র্যাক্টচুয়াল শিক্ষক / স্টাফ / আধিকারিক বৃত্তিমূলক শিক্ষা-প্রশিক্ষণ কেন্দ্রের আংশিক সময়ের শিক্ষক/প্রশিক্ষক হিসাবে কাজ করতে অনুমোদিত হবেন না।

গ) আরো জানানো হচ্ছে যে কোন আংশিক সময়ের (কন্সলিডেটেড রেম্যুনারেসন প্রাপ্ত এবং অন্যান্য সুবিধাভোগী) বৃত্তিমূলক শিক্ষক / প্রশিক্ষক প্রশাসনিক কর্তৃপক্ষ প্রদত্ত কাজ ছাড়া **সাধারণ কর্মকালে** বৃত্তিমূলক শিক্ষা/প্রশিক্ষণ কেন্দ্রে আংশিক সময়ের জন্য নিযুক্তদের জন্য শিক্ষা এবং প্রশিক্ষণের কাজ ছাড়া অন্য কোন সরকারি / আধা সরকারি প্রতিষ্ঠান / দপ্তরের আরোপিত কাজ করতে পারবেন না।

বিপ্লব কুমার রায়
২৩/১১/২০২২

Director-in-Charge
Directorate of Vocational Education
& Training, Govt. of W.B.
Karigari Bhawan (2nd Floor)
?/7, Action Area-III, New Town, Kolkata- 700160

পরের পাতা...... (৩)

৮> **সংসদ ও অধিকারের নির্দেশ এবং কর্ম সম্পাদনঃ**

পশ্চিমবঙ্গ রাজ্য কারিগরী ও বৃত্তিমূলক শিক্ষা এবং দক্ষতা উন্নয়ন সংসদের পাঠ্যক্রম এবং এই ব্যাপারে সংসদের অন্য কোন নির্দেশ বৃত্তিমূলক শিক্ষা-প্রশিক্ষণের শিক্ষক / প্রশিক্ষক মহাশয় / মহাশয়া অবশ্যই অনুসরণ করবেন। উত্তম পঠন-পাঠন, শিক্ষা-প্রশিক্ষণের পদ্ধতি বজায় রাখার জন্য এই অনুসরণ দরকার। এছাড়াও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ অধিকার, পশ্চিমবঙ্গ এবং সংসদ দ্বারা প্রদত্ত বিভিন্ন শিক্ষা ও প্রশিক্ষণ সংক্রান্ত কাজ ঠিকমতো করতে হবে।

৯> **ছুটি সংক্রান্ত বিষয়ঃ**

এ ব্যাপারে ২৫/০২/২০২১ তারিখের আই/১২২৮২৯/২০২১ নং সরকারি আদেশনামা প্রযোজ্য। বৃত্তিমূলক শিক্ষা/প্রশিক্ষণ কেন্দ্রের প্রধান মহাশয় / মহাশয়া প্রত্যেক শিক্ষক ও প্রশিক্ষকের জন্য আলাদা আলাদা **'লিভ অ্যাকাউন্ট'** খুলবেন এবং সযত্নে বজায় রাখবেন।

১০> **আকস্মিক পরিদর্শনঃ**

নোডাল পলিটেকনিক অফিস / রিজিওনাল অফিস / হেড অফিস থেকে আধিকারিকবৃন্দ যে কোন বৃত্তিমূলক শিক্ষা/প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শনে যেতে পারেন যে কোন কাজের দিনে যে কোন কাজের সময়ে। প্রধান মহাশয় / মহাশয়া / তাঁর প্রতিনিধি এবং কেন্দ্রের সকল শিক্ষক / প্রশিক্ষক মহাশয় / মহাশয়া পরিদর্শন চলাকালিন অবশ্যই উপস্থিত থাকবেন।

১১> **অনুমতি ছাড়া কারিগরী ভবনে আসা যাবে নাঃ**

বৃত্তিমূলক শিক্ষা/প্রশিক্ষণ কেন্দ্রের কোন শিক্ষক / প্রশিক্ষক মহাশয় / মহাশয়া কোন অফিসিয়াল কাজের জন্য বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ অধিকারের লিখিত সম্মতি ছাড়া কারিগরী ভবন আসতে পারবেন না। কারিগরী ভবনে যেদিন আসার দরকার হবে তাঁর অন্তত দুই দিন আগে সংশ্লিষ্ট কেন্দ্রের প্রধান মহাশয় / মহাশয়া ই-মেল মারফত বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ অধিকারকে জানাবেন। কারিগরী ভবন অফিস থেকে সম্মতি পাওয়ার পর-ই তাঁর শিক্ষক / প্রশিক্ষককে পাঠাবেন। নচেৎ নয়।

১২> **বৃত্তিমূলক শিক্ষক / প্রশিক্ষক মহাশয় / মহাশয়াদের পালনীয় আচরনবিধিঃ**

ক) কোনরকম ক্রিমিন্যাল কেস / অসদাচরণ / কর্তব্যে অবহেলা / অক্ষমতা ইত্যাদির জন্য বৃত্তিমূলক শিক্ষক / প্রশিক্ষক মহাশয় / মহাশয়া সেই মুহূর্তে কর্মচ্যুত হতে পারেন। সেক্ষেত্রে তিনি নিজেই কর্ম থেকে সরে যেতেও পারেন।

পরের পাতা...... (৪)

বিপ্লব কুমার রায়
২৯/১২/২০২২

Director-in-Charge
Directorate of Vocational Education
& Training, Govt. of W.B.
Karigari Bhawan (2nd Floor)
B/7, Action Area-III, New Town, Kolkata- 700160

খ) যদি দেখা যায় যে তিনি কর্মরত অবস্থায় সরকারি অর্থ নয়ছয় বা কোনরকম জালিয়াতি বা প্রতিষ্ঠান / অফিসের কোন রেকর্ডের ট্যাম্পারিং-এর ঘটনায় প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িত আছেন তাহলে সংশ্লিষ্ট কেন্দ্রের প্রধান মহাশয় / মহাশয়া সংশ্লিষ্ট থানায় সেই শিক্ষক / প্রশিক্ষকের বিরুদ্ধে এফ.আই.আর. দায়ের করতে পারবেন এবং বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ অধিকারকে সবিস্তারে লিখিতভাবে জানাবেন।

বিপ্লব কুমার রায় ২৭/১২/2022

ভারপ্রাপ্ত অধিকর্তা
বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ অধিকার
পশ্চিমবঙ্গ

জ্ঞাতার্থে এবং প্রয়োজনীয় পদক্ষেপের জন্য কপি ফরওয়ার্ড করা হচ্ছেঃ

১. বিশেষ সচিব, কারিগরী শিক্ষা, প্রশিক্ষণ এবং দক্ষতা উন্নয়ন দফতর, পশ্চিমবঙ্গ সরকার
২. নোডাল অফিসার – ২০ নোডাল অফিস, বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ অধিকার, পশ্চিমবঙ্গ
৩. ডিস্ট্রিক্ট অফিসার – ৬ টি রিজিওনাল অফিস, বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ অধিকার, পশ্চিমবঙ্গ
৪. সহ অধিকর্তা (এ. এন্ড এ.), - বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ অধিকার, পশ্চিমবঙ্গ
৫. এন.আই.সি. সেল,- বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ অধিকার, পশ্চিমবঙ্গ
৬. প্রযোজ্য বৃত্তিমূলক শিক্ষাকেন্দ্রের প্রধান মহাশয় / মহাশয়া - আই.ও.এস.এম.এস. পোর্টালের নোটিস বোর্ড থেকে ডাউনলোড এবং প্রয়োজনীয় পদক্ষেপ করার জন্য অনুরোধ করা হচ্ছে।

বিপ্লব কুমার রায় ২৭/১২/2022

ভারপ্রাপ্ত অধিকর্তা
বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ অধিকার
পশ্চিমবঙ্গ